

বটিয়াঘাটা উপজেলায় জুন/২০২৩ মাসের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি: জনাব নবনীতা দত্ত।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
বটিয়াঘাটা, খুলনা।

সভার তারিখ: ০৮/০৬/২০২৩ খ্রিঃ।


সভার স্থান: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়।

সভার উপস্থিত সদস্যদের স্বাক্ষর হাজিরা নিচে সংরক্ষিত আছে।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জনাব নবনীতা দত্ত উক্ত কমিটির সদস্য সচিব অফিস সহকারী অঙ্কনা বিশ্বাসকে সভার কাজ শুরু করতে বলেন। সভাপতি সভার উপস্থিত সকল সদস্যদের ধন্যবাদ জ্ঞাপন করেন। সভাপতি মহোদয় বলেন যে, অফিসে কাজ করার ক্ষেত্রে কোন সমস্যা আছে কিনা এবং অফিসের কাজের মান উন্নয়নের জন্য আরও কোন পরামর্শ থাকলে দেয়ার জন্য অনুরোধ করেন। সভাপতি আরও বলেন যে, অফিসে পরস্পর পরস্পরকে সম্মান দিতে কথা বলা, পরস্পরের সহানুভূতি বজায় রাখা সকলের কর্তব্য। তিনি অফিসে সময় অনুযায়ী উপস্থিত থাকার জন্য সকলকে নির্দেশনা প্রদান করেন। অফিসের ফাইল এবং ডকুমেন্ট গুলো সুবিন্যস্ত ভাবে গুছিয়ে রাখা, অফিস কক্ষ এবং অফিস বারান্দা, বাথরুম, ট্রেনিং সেন্টার পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য সকলকে দৃষ্টি দিতে বলেন। কোন সেবা গ্রহীতা আসলে তৎক্ষণাৎ তাকে সেবা দেয়া, পরামর্শ দেয়া এবং তার সাথে ভাল ব্যবহার করে কথা বলা। উপস্থিত সদস্যগণ মাঠ পর্যায়ে/অফিসে কাজ করার সময় যদি কোন সমস্যার সম্মুখীন হয় তবে তা তাৎক্ষণিক আলোচনার মাধ্যমে সচেতন হতে বলেন। সর্বোপরি পারস্পরিক সম্মান বজায় রেখে কাজ করা, অত্র দপ্তরের সুনাম অক্ষুণ্ন রাখার জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

সভার সিদ্ধান্ত: সভায় সকল সমস্যা-উত্তোলন এবং আলোচনার মাধ্যমে সমাধান। সর্বোপরি উপকারভোগীদের স্বার্থ সংরক্ষন।

বাস্তবায়নে: সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিব।


নবনীতা দত্ত

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

ও

সভাপতি

উপজেলা নৈতিকতা কমিটি

বটিয়াঘাটা, খুলনা।